
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৫১ ● কলকাতা ● ২৭ ভাদ্র, ১৪৩১ ● শুক্রবার ● ১৩ সেপ্টেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

বাবার শিক্ষা এখনও ভোলেননি অমিতাভ, যে পাঠ মনে করলেন!

পৃঃ ৫



বিজেপিতে নাম লেখালেন জাদেজা

পৃঃ ৬

# এবার নবান্ন অভিযানে জুনিয়ার চিকিৎসকরা




**কলকাতা: নিউজ সারাদিন :** এদিন ৩০ প্রতিনিধি নিয়ে নবান্ন অভিযানে জুনিয়ার চিকিৎসকরা। নিজেদের দাবিতে অনড় থেকে তাঁরা ৩০ জন প্রতিনিধি নিয়েই নবান্নে মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করতে যাবেন বলে সাফ জানিয়েছেন। বিষয়টি মুখ্যসচিবকে পাল্টা ইমেল করে জানিয়েছেন আন্দোলনরত চিকিৎসকরা।

নবান্ন অভিযানের আগে সাংবাদিকদের মুখোমুখি হন আন্দোলনরত চিকিৎসকরা। সেখানেই তাঁরা জানিয়েছেন যে বিকেল ৫ টায় নবান্নে তাঁদের সঙ্গে বৈঠকের কথা মুখ্যসচিব তাঁর মেইলে জানান বিষয়টি। প্রসঙ্গত বৃহস্পতিবার বিকেলে আন্দোলনকারীদের চিঠি দেন মুখ্যসচিব। সেখানে তিনি জানান, বিকেল ৫ টায় নবান্নে তাঁদের সঙ্গে বৈঠকে বসবে রাজ্য। থাকবেন মুখ্যমন্ত্রী নিজেও। সেখানে জুনিয়ার ডাক্তারদের ১৫ জন প্রতিনিধিকে উপস্থিত থাকার কথা বলা হয়েছে। বিষয়টিতে স্বচ্ছতা ধরে রাখতে তা রেকর্ড করা যেতে পারে বলেও মুখ্যসচিব জানান। তবে নিজেদের দাবিতে অনড় থেকে সেখানে ৩০ জন প্রতিনিধিকেই নিয়ে যাচ্ছেন চিকিৎসকরা। পাশাপাশি আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকরা জানিয়েছেন ৩০ জনের কমে প্রতিনিধি দল নিয়ে বৈঠক সম্ভব নয়'। তাঁর আরও জানিয়েছেন যে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে চাই।' বিকেল ৪.৪৫ মিনিটের মধ্যে তাঁদের নবান্ন পৌঁছনোর কথা জানা গিয়েছে। রাজ্য প্রশাসনের সঙ্গে মুখোমুখি বসতে এই ৩০ জন প্রতিনিধিকে নিয়ে বাস প্রস্তুত করে, আন্দোলনরত ডাক্তাররা যাচ্ছেন নবান্নে। এছাড়াও গোটা পর্বের লাইভ স্ট্রিমিং এরও দাবি তাঁরা জানিয়েছেন। তাঁদের দাবি, সুপ্রিম কোর্টের শুনানি যদি লাইভ হতে পারে, তাহলে এই আলোচনা লাইভ স্ট্রিমিং করা যেতে পারে। সেই দাবির কথা তাঁরা নবান্নে জানাবেন বলেও মুখ খুলেছেন আন্দোলনরত চিকিৎসকরা। ৫ দফা দাবি নিয়েই আলোচনা করতে চান তাঁরা। এই বিষয়ে তাঁরা মুখ্যসচিবকে পাল্টা ইমেল করে বক্তব্য জানান তাঁদের।

# প্রয়াত সিপিআইএমের সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি



**বেবি চক্রবর্ত্তী, কলকাতা: নিউজ সারাদিন :** বাম রাজনীতি থেকে এবার চিরবিদায় জানালেন সিপি আই এম এর সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি। বয়স হয়েছিল ৭২ বছর। গত ১৯ অগাস্ট ফুসফুসে ফুসফুসের সংক্রমণ এবং জ্বর নিয়ে দিল্লির এইমসে ভর্তি করা হয় প্রবীণ রাজনীতিবিদকে। প্রথম থেকেই আইসিইউয়ে রাখা হয়েছিল তাঁকে। সোমবার থেকে তাঁর শারীরিক অবস্থার আরও অবনতি হয়। অবশেষে আজ বৃহস্পতিবার দুপুরের দিকে শেষ নি:শ্বাস ত্যাগ করলেন বর্ষীয়ান এই নেতা। ১৯ অগাস্ট থেকেই সিপিআইএমের প্রবীণ নেতাকে শারীরিক অসুস্থতার কারণে এইমস-এ ভর্তি করা হয়। ফুসফুসের সংক্রমণের কারণে শ্বাস প্রশ্বাসে সমস্যা দেখা দেওয়ায় গত সোমবার থেকে রেসপিরেটরি সাপোর্টে রাখা হয়েছিল তাঁকে। ২৫ দিনের লড়াই শেষে অবশেষে প্রয়াত হলেন ভারতীয় রাজনীতির বিশিষ্ট এই বামনেতা। ১৯৫২ সালে তৎকালীন মাদ্রাজে (চেন্নাই)-র এক তেলেগু ব্রাহ্মণ পরিবারে জন্মেছিলেন সীতারাম ইয়েচুরি। দিল্লির সেন্ট স্টিফেন্স কলেজ থেকে অর্থনীতিতে বিএ এবং জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয় থেকে এমএ ডিগ্রি অর্জন করেছিলেন তিনি। ছাত্র-জীবন থেকেই বাম রাজনীতিতে জড়িয়ে পড়েছিলেন। তিনবার জেএনইউ ছাত্র ইউনিয়নের সভাপতি নির্বাচিত হন। ১৯৭৫ জরুরি অবস্থার সময় জেএনইউ-এর ছাত্র থাকাকালীন গ্রেফতার হয়েছিলেন সীতারাম। ওই বছরই তিনি ভারতের কমিউনিস্ট পার্টির সদস্য হয়েছিলেন। ২০১৫ সালের ১৯ এপ্রিল সিপিএমের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের দায়িত্ব গ্রহণ করেছিলেন সীতারাম। গত ৯ বছর ধরে সেই দায়িত্ব পালন করছিলেন তিনি। ২০০৫ থেকে ২০১৭ সাল পর্যন্ত তিনি রাজ্যসভার সদস্য ছিলেন। তার প্রয়াণের খবরে শোকের ছায়া নেমে এসেছে দেশের কমিউনিস্ট দলগুলির মধ্যে। অন্য রাজনৈতিক দলগুলির পক্ষ থেকেও প্রয়াত বামনেতার প্রয়াণে গভীর শোক প্রকাশ করা হয়েছে।

# নবান্ন সভাঘরে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সঙ্গে বৈঠক জুনিয়র চিকিৎসকদের



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** বৃহস্পতিবার বিকেলে প্রায় দেড় ঘণ্টা ধরে নবান্ন সভাঘরে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সঙ্গে বৈঠকে ছিলেন জুনিয়র চিকিৎসকেরা। দীর্ঘ অপেক্ষা করার পরও গেলেন না আন্দোলনকারীরা। এই আন্দোলনরত জুনিয়র চিকিৎসকদের এক ও একমাত্র শর্ত বৈঠকের লাইভ স্ট্রিমিং না হলে তাঁরা আলোচনায় বসবেন না। অন্যদিকে, লাইভ স্ট্রিমিংয়ের শর্ত মানতে নারাজ রাজ্য সরকারও। তার যুক্তিও দিলেন রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার। সাংবাদিকদের প্রশ্নের জবাবে তাঁর মন্তব্য, বিষয়টি বিচারাধীন, তাই লাইভ স্ট্রিমিং করা সম্ভব নয়। জুনিয়র চিকিৎসকদের এই আন্দোলন - অনশন- কর্মবিরতি ফলে রোগীরা ভোগান্তি স্বীকার। সাধারণ জনতা প্রশ্ন করেন আর জি কর কান্ড নিয়ে তোলপাড় যখন রাজ্য থেকে রাজনীতি একদিকে আন্দোলনরত চিকিৎসকদের কর্মবিরতি চলছে কিন্তু রাজ্যের গ্রামীণ হাসপাতালগুলোতে অর্ধেক দিন ডাক্তার থাকে না, জরুরি বিভাগে মাঝে মধ্যেই দেখা যেত চিকিৎসকদের জুলুম। এখন পেসেন্ট কম এই কথা হাতিয়ার করে নিদির্ষ্ট সময়ের আগেই চিকিৎসাকরা চলে যেতেন। লাঞ্চ টাইম - রেস্ট টাইম চলে এমার্জেন্সি ডাক্তারদের নানা বাহানা। সাধারণ গরিব এবং মধ্যবিত্ত রুগি পরিবার চিকিৎসা পরিষেবা নিতে গ্রামগঞ্জ থেকে শহরের হাসপাতালে আসতে হয়! রাজ্যের বিভিন্ন গ্রামীণ হাসপাতালে উপযুক্ত চিকিৎসক না থাকায় বিপাকে রাজ্যের গ্রামীণ সরকারী হাসপাতাল। জুনিয়র চিকিৎসক এবং রাজ্য সরকারের দু তরফেই সমান গাফিলতির কথা তুলে ধরেন সাধারণ জনতা।







## সিল্ক পার্ক চালুর উদ্দেশ্যে

# জেলা প্রশাসন ভবনে বৈঠক



**মালদা: নিউজ সারাদিন :** মালদার বিখ্যাত রেশম শিল্পর আরো উন্নয়ন এবং আগামী মাসের প্রথম সপ্তাহেই পুরোপুরি ভাবে সিল্ক পার্ক চালুর উদ্দেশ্যে জেলা প্রশাসন ভবনে বৈঠক। বৃহস্পতিবারের সেই বৈঠকে উপস্থিত ছিলেন জেলাশাসক নিতিন সিংহানিয়া, সেরিকালচারের ডেপুটি ডিরেক্টর সুরজিৎ চৌধুরী সহ রেশম শিল্পের সঙ্গে যুক্ত বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও রেশম শিল্পের সঙ্গে যুক্ত বিভিন্ন সংগঠনের কর্মীকর্তারা। জেলাশাসক জানান, আগামী অক্টোবর মাসের প্রথম তারিখেই সিলক পার্কটি পুরোদমে চালু হয়ে যাবে। সেখানে রেশম শিল্পের সঙ্গে যুক্ত বহু মানুষ উপকৃত হবেন। রেশম শিল্প যাতে আরো উন্নত মানের করা যায় এবং কি করে সম্ভব কি প্রয়োজন, সমস্ত বিষয় নিয়ে বৈঠকে আলোচনা হয়।

## জেলা হাসপাতালে নিরাপত্তা

# জোরদার করতে উচ্চপর্যায়ের বৈঠক



**মেদিনীপুর: নিউজ সারাদিন :** পশ্চিম মেদিনীপুরের বিভিন্ন হাসপাতালে নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করার লক্ষ্যে বৃহস্পতিবার একটি উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। মেদিনীপুর মেডিক্যাল কলেজসহ জেলার সমস্ত মহকুমা হাসপাতাল ও সুপার স্পেশালিটি হাসপাতালের নিরাপত্তা বিষয় নিয়ে এই বৈঠকটি হয়েছে। জেলাশাসক খুরশিদ আলী কাদেরীর নেতৃত্বে অনুষ্ঠিত এই বৈঠকে জেলা পুলিশ সুপার, জেলার মুখ্য স্বাস্থ্য অধিকারিক, মেদিনীপুর মেডিক্যাল কলেজের প্রিন্সিপাল, সুপার এবং জেলার অন্যান্য হাসপাতালের সুপাররা উপস্থিত ছিলেন। সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে জেলার সমস্ত হাসপাতালে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার বিষয়ে এই বৈঠকে বিস্তারিত আলোচনা হয়েছে। বিশেষ করে, মেদিনীপুর মেডিক্যাল কলেজসহ বিভিন্ন হাসপাতালে কতগুলি সিসিটিভি ক্যামেরা লাগবে, শৌচাগার ও মহিলা চিকিৎসকদের রেস্ট রুমের জন্য কী ধরনের নিরাপত্তা ব্যবস্থা করা হবে, সেইসব বিষয়েও বিস্তারিত আলোচনা হয়েছে। জেলার মুখ্য স্বাস্থ্য অধিকারিক ডঃ সৌম্যশঙ্কর সারেঙ্গী জানিয়েছেন, এই বৈঠকে আলোচিত বিষয়গুলির উপর ভিত্তি করে খুব শীঘ্রই একটি বিস্তারিত প্রতিবেদন স্বাস্থ্য ভবনে পাঠানো হবে।

## আয়ুষ মন্ত্রণালয় তৃতীয় পর্বে বিশেষ অভিযানে

# ১৩৪৬ টি জন অভিযোগের নিষ্পত্তি করেছে

**নতুন দিল্লি, ১২ সেপ্টেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** কর্মক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখার লক্ষ্যে আয়ুষ মন্ত্রক তৃতীয় পর্বে বিশেষ অভিযানে উল্লেখযোগ্য সাফল্য পেয়েছে। ২০২৩-এর নভেম্বর থেকে ২০২৪-এর আগষ্ট মাস পর্যন্ত দেশ জুড়ে এই উদ্যোগের প্রস্তুতি হিসেবে মন্ত্রক বিভিন্ন বকেয়া বিষয় চিহ্নিত করে সেগুলির নিষ্পত্তি করেছে। এতে সাংসদদের পক্ষ থেকে ৩৩টির উল্লেখ ছিল। ১৮ টি ছিল সংসদীয় নিশ্চয়তার বিষয়ে, ১৩৪৬ টি ছিল জন অভিযোগের, ১৮৭ টি জন অভিযোগকে ঘিরে আবেদন, ৭৬৫ টি ফাইলগত ব্যবস্থাপনা নিয়ে এবং ১১ টি স্বচ্ছতা অভিযানকে ঘিরে। এই উদ্যোগের উদ্দেশ্য হল কর্মক্ষেত্রে পরিবেশের উন্নতি সাধন। সেই সঙ্গে বিভিন্ন আবেদন বা উল্লেখের যথাযথ নিষ্পত্তি করা। মন্ত্রকের অধীন বিভিন্ন দফতরগুলিকে জঞ্জাল মুক্ত করে সামগ্রিক পরিচ্ছন্ন পরিবেশ গড়ে তোলা ছিল এই অভিযানের উদ্দেশ্য। পরিচ্ছন্ন পরিবেশে কর্মচারীদের উৎপাদনশীলতা যাতে বৃদ্ধি পায় তা দেখাও ছিল এই অভিযানের উদ্দেশ্য। মন্ত্রক এবারে চতুর্থ পর্বে বিশেষ অভিযান চালাচ্ছে। এতে পরিচ্ছন্ন এবং বর্জ্যমুক্ত ভারত গড়তে দায়বদ্ধতা প্রসারে সমস্ত আধিকারিকদের শপথপাঠ করানো হয়। মন্ত্রকের সচিব বৈদ্য রাজেশ কোটেচা সমস্ত

এরপর ৩ পাতায়

## বিভিন্ন দাবি নিয়ে কলেজের অধ্যক্ষের কাছে ডেপুটেশন প্রদান ছাত্র-ছাত্রীদের



**অরূপ ঘোষ,ঝাড়গ্রাম : নিউজ সারাদিন :** গোপীবল্লভপুরের সুবর্ণরেখা মহাবিদ্যালয়ে বিভিন্ন দাবি নিয়ে ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ ও ডেপুটেশন প্রদান। ঝাড়গ্রাম জেলার গোপীবল্লভপুর এক ব্লকের গোপীবল্লভপুরের সুবর্ণরেখা মহাবিদ্যালয়ের বিভিন্ন দাবী দাওয়া নিয়ে বৃহস্পতিবার কলেজ প্রাঙ্গনে বিক্ষোভ কর্মসূচি পালন করার পাশাপাশি কলেজের অধ্যক্ষ কে ডেপুটেশন দেন কলেজের ছাত্র-ছাত্রীরা। তাদের দাবি গুলির মধ্যে অন্যতম দাবি গুলি হলো কলেজের সম্পদ চুরি হচ্ছে কেনো কলেজ কতৃপক্ষ জবাব চাই জবাব দাও। এখনো অ্যাডমিশন পোর্টাল খোলা হলো না কেনো প্রিন্সিপাল ও অ্যাডমিশন কমিটি জবাব চাই জবাব দাও। পানীয় জলের সু-ব্যবস্থা নেই কেনো প্রিন্সিপাল জবাব চাই জবাব দাও। শৌচালয় নিয়মিত পরিছন্ন হচ্ছেনা। শ্রেনীকক্ষ গুলি নিয়মিত ঝাড়ু দেওয়ার ব্যবস্থা সহ ব্যঞ্চ চেয়ার, টেবিল ধুলোয় ভরা মোছার ব্যবস্থা করতে হবে। কলেজ পাঠাগারে ছাত্র ছাত্রীদের সিলেবাস অনুযায়ী প্রয়োজনীয় বই আনার ব্যবস্থা করতে হবে। যত দ্রুত সম্ভব নবাগত ছাত্র ছাত্রীদের পরিচয় পত্র ও লাইব্রেরী কার্ড প্রদান করতে হবে। কলেজ এর প্রবেশ গেটে স্থায়ী ভাবে দারোয়ান বসানোর ব্যবস্থা করতে হবে। নিরাপত্তার স্বার্থে অবিলম্বে সারা কলেজ কে সি সি টিভির আওতায় এনে নিরাপত্তা সুনিশ্চিত করতে হবে। নিয়ম মাফিক রুটিন মেনে নির্দিষ্ট সময়ে ক্লাস চালু রাখতে হবে। এছাড়াও আরো বেশ কয়েক টি দাবি রয়েছে ছাত্র-ছাত্রীদের। বিক্ষোভ কর্মসূচি পাশাপাশি বৃহস্পতিবার সুবর্ণরেখা মহাবিদ্যালয়ের অধ্যক্ষর কাছে দশ দফা দাবি নিয়ে ডেপুটেশন দেন গোপীবল্লভপুরের সুবর্নরেখা মহাবিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা। তাদের দাবিগুলি দ্রুত রূপান না করা না হলে আগামী দিনের ছাত্রছাত্রীরা আরো বৃহত্তর আন্দোলন কর্মসূচি সংগঠিত করবে বলে ওই কলেজের ছাত্রছাত্রীরা জানান।







## বিশ্বকর্মা প্রতিমা তৈরির

# শেষ প্রস্তুতি চলছে কুমোরটুলিতে



**১২ সেপ্টেম্বর, দক্ষিণ দিনাজপুর: নিউজ সারাদিন :** চলতি মাসের ১৭ সেপ্টেম্বর সারা বাংলা জুড়ে নানান কলকারখানা সহ অনেক দোকান লোহা লক্কড়ের দোকান সহ বিভিন্ন ক্ষেত্রে পূজিত হবেন কারিগরি দেবতা তথা বিশ্বকর্মা দেব। এরপর মহালয়ার পূণ্য তিথিতে পিতৃপক্ষের অবসান হয়ে মাতৃপক্ষের সূচনা হবে এবং শারদীয়া উৎসব দেবী দুর্গাপূজা শুরু হবে। চলতি সপ্তাহের অন্ত থেকেই মাতৃপক্ষের সূচনার সাথে বাঙালির শ্রেষ্ঠ উৎসব দূর্গো উৎসবের দামামা বেজে উঠবে।প্রসঙ্গত, গত ৪ আগে বছর করোনা আবহ তথা লকডাউনের জেরে বিশ্বকর্মা প্রতিমার বায়না তেমন না পাওয়ায় মাথায় হাত পড়ে ছিল কুমোরটুলির মৃৎশিল্পীদের। তবে লকডাউন শিথিল হতেই গত ৩ বছরে মুখে হাসি ফুটেছে মৃৎশিল্পীদের। বাঙালির আবেগের ওপর অন্য কিছু হয় না কারণ বিশ্বকর্মা পূজা মানেই আগমনীর বার্তা বিশ্বকর্মা পুজো শুরু হওয়া মানে দেবী দুর্গার বোধন শুরু হওয়া তাই খুশির জোয়ারে ভাসতেই বিশ্বকর্মা পূজার মধ্য দিয়ে দূর্গাপূজার আবেগে ভাসবেন সকলে। তার আগে দক্ষিণ দিনাজপুর জেলার বিভিন্ন কুমোরটুলির মৃৎশিল্পীদের বিশ্বকর্মা প্রতিমার শেষ তুলির টান দিতে দেখা গেল, তাদের প্রস্তুতি ভীষণভাবে তুঙ্গে কারণ সপ্তাহতেই অর্ডার করা বিশ্বকর্মা প্রতিমা পৌঁছে দিতে হবে নানান জায়গায়। এই বিষয়ে দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর পৌরসভার ১২ নং ওয়ার্ডের দত্তপাড়া এলাকার মৃৎশিল্পী ভুবন শীল জানান, “লকডাউনের জেরে প্রতিমা বিক্রি ও বায়না না পেয়ে কপালে চিন্তার ভাঁজ পড়েছিল। কিন্তু ধীরে ধীরে লকডাউন শিথিল হতেই বর্তমানে ৩ বছর পর বিশ্বকর্মা পুজোর দিন এগিয়ে আসর আগে থেকে বিভিন্ন ক্লাব অন্যান্য কারখানা দোকান বড় বড় বাড়ি বিভিন্ন ক্ষেত্রে ছোট-বড় নানান ধরণের বিশ্বকর্মা প্রতিমা বায়না করে যাচ্ছেন, ১৬ তারিখে ডেলিভারি দিব তাই শেষ প্রস্তুতি চলছে, আমাদের দিকে ভগবান মুখ তুলে তাকিয়েছেন”। তবে বলাই বাহুল্য, প্রতিমা বিক্রির বায়না পেয়ে হাসি মুখে মনের আনন্দে কারিগরি দেবতা তথা বিশ্বকর্মা ঠাকুরকে তৈরি করেছেন মৃৎশিল্পীরা। বিশ্বকর্মা পূজার পর মহালয়ার পূণ্য তিথিতে দেবী দুর্গার বোধন শুরু হবে এবং মাতৃ পক্ষের সূচনা হবে তার সাথে সাথে তাল মিলিয়ে দক্ষিন দিনাজপুর জেলার বিভিন্ন ক্ষেত্রে কলকারখানা সহ ক্লাব, বারোয়ারী ও বনেদি বাড়ি, বিভিন্ন জায়গায় বিশ্বকর্মা পূজা ও দূর্গাপূজা হবে আর তাতেই এই আনন্দ জোয়ারে গা ভাসাবেন আপামর বাঙালি। তাই তার আগে দক্ষিণ দিনাজপুর জেলার বিভিন্ন কুমোরটুলিতে কারিগরি দেবতা তথা বিশ্বকর্মা প্রতিমা তৈরির শেষ প্রস্তুতি চলছে তুঙ্গে। দিনরাত এক করে ঘেমে নেয়ে প্রতিমা তৈরি করে চলেছেন মৃৎশিল্পীরা। তাদের ঘরে এখন শুধুই ব্যস্ততা প্রতিমা তৈরীর জন্য।

## হাতির তাণ্ডবে ভাঙলো স্কুলের দরজা ও জানালা



**অরূপ ঘোষ ঝাড়গ্রাম: ঝাড়গ্রাম ব্লকের নুনিয়া : নিউজ সারাদিন :** কুন্দরী প্রাথমিক বিদ্যালয়ে একটি হাতি তান্ডব ভাঙলো স্কুলের দরজা জানালা। বুধবার রাতে খাবারের সন্ধানে ফের একটি দলছুট দাঁতাল হাতি তান্ডব চালিয়ে ঝাড়গ্রাম ব্লকের বাঁধগোড়া অঞ্চলের নুনিয়া কুন্দরী প্রাথমিক বিদ্যালয়ে ঢুকে বিদ্যালয়ের দরজা জানালা ভেঙে তান্ডব চালায়। সেই সঙ্গে দলছুট ওই দাঁতাল হাতিটি ওই গ্রামে ঢুকে এলাকার কয়েকটি বাড়িতে গিয়ে খাবারের সন্ধানে তান্ডব চালায় বলে গ্রামবাসীরা জানান। যার ফলে ওই এলাকার বাসিন্দারা হাতির হামলার আশঙ্কায় আতঙ্কের মধ্যে রয়েছেন। গ্রামবাসীদের পক্ষ থেকে জানানো হয় যে খাবারের সন্ধানে প্রতিনিয়ত হাতি রাতের পাশাপাশি দিনের বেলা ও লোকালয়ে ঢুকে হাতি তান্ডব চালিয়ে ঘর বাড়ি ভাঙচুর করার পাশাপাশি ফসলের ও ক্ষতি করে। যার ফলে গ্রামবাসিরা হাতির হামলার আশঙ্কায় আতঙ্কের মধ্যে রয়েছেন বলে গ্রামবাসীরা জানান। ঝাড়গ্রাম জেলার ঝাড়গ্রাম ব্লকের বাঁধগোড়া অঞ্চল এর অন্তর্গত হাতির তান্ডবে অতিষ্ঠ নুনিয়াকুন্দরী গ্রামের বাসিন্দারা বিষয়টি বন দফতরের মানিকপাড়া রেঞ্জ এর অধীন রামরামা বীটের আধিকারিকদের জানিয়েছেন। বন বিভাগ এর পক্ষ থেকে গ্রামবাসীদের সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে। সেই সঙ্গে হাতি যাদের ঘর বাড়ি ভেঙে দিয়েছে সেই সব পরিবার গুলিকে ক্ষতি পূরণ দেওয়ার আশ্বাস দেওয়া হয়েছে। তা সত্ত্বেও হাতির হামলায় আতঙ্কের মধ্যে রয়েছেন বলে গ্রামবাসীরা জানান।

## আকাশবাণী ও দূরদর্শনের

# বিশিষ্ট সংবাদ পাঠিকা ছন্দা সেন প্রয়াত



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা: নিউজ সারাদিন :** প্রয়াত আকাশবাণী এবং দূরদর্শনের সংবাদ পাঠিকা ছন্দা সেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর। বুধবার রাত ২.২৫ নাগাদ এসএসকেএম হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। বহু দিন ধরেই অসুস্থ ছিলেন কিংবদন্তি সংবাদ পাঠিকা। দ যন্ত্রের পাশাপাশি চোখের সমস্যাও ছিল। জানা যায়, গত এক বছর ধরে বহুবার অসুস্থ হয়েছেন তিনি। গত কয়েকদিন ধরে কলকাতা এসএসকেএমে ভর্তি ছিলেন। দাহ করার আগে মরদেহ নিয়ে যাওয়া হবে আকাশবাণী ভবনে। লেডি ব্রেবর্ন কলেজ থেকে পড়াশোনা করেন ছন্দা সেন। ১৯৭৪ সালে সংবাদ পাঠিকা হিসাবে আকাশবাণীতে যোগ দেন তিনি। তার এক বছর পরেই ১৯৭৫ সালে যোগ দেন দূরদর্শনে। শুরু থেকে তাঁর দৃঢ় ব্যক্তিত্ব এবং অসাধারণ কণ্ঠস্বর মুগ্ধ করেছিল দর্শকদের। ২০০৬ সালে অবসর গ্রহণ করেন তিনি। কলকাতার ভবানীপুরে স্বামী এবং মেয়ের সাথেই থাকতেন তিনি।ছন্দাদেবীর প্রয়াণে শোকপ্রকাশ করেছেন আকাশবাণীতে তাঁর দীর্ঘ দিনের বন্ধু জলি ব্রক্ষ।শোক প্রকাশ করেন তৃণমূল মুখপাত্র কুনাল ঘোষ, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

## প্রধানমন্ত্রী ভারতের প্রধান বিচারপতির বাসভবনে গণেশ পুজোয় যোগ দিয়েছেন

**নতুন দিল্লি, ১১ সেপ্টেম্বর , ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ভারতের প্রধান বিচারপতি, বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের বাসভবনে পবিত্র গণেশ পুজোয় অংশ নিলেন। প্রধানমন্ত্রী ভগবান গণেশের কাছে আমাদের শান্তি, সমৃদ্ধি এবং সুস্বাস্থ্যের জন্য কামনা করেন। প্রধানমন্ত্রী এ -এ পোস্ট করেছেন:

"ভারতের প্রধান বিচারপতি, বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়জির বাড়িতে গণেশ পুজোয় যোগ দিলাম। ভগবান শ্রী গণেশ যেন আমাদের সকলকে সুখ, সমৃদ্ধি ও সুস্বাস্থ্য দিয়ে আর্শীবাদ করেন।"

২ পাতার পর

# আয়ুষ মন্ত্রণালয় তৃতীয় পর্বে বিশেষ অভিযানে ১৩৪৬ টি জন অভিযোগের নিষ্পত্তি করেছে

বর্ষীয়ান আধিকারিকদের সফলভাবে এই লক্ষ্য সম্পাদনে অনুরোধ জানান। প্রতিদিনের কাজের অগ্রগতি ওপর নজর রাখতে একটি দল গঠন করা হয়েছে। এছাড়াও জনএলাকা, পার্ক, বাস টার্মিনাল, ভেষজ উদ্যান, জলাশয় প্রভৃতি জায়গায় বিভিন্ন সংগঠন, প্রতিষ্ঠান, পরিষদের পক্ষ থেকে এই স্বচ্ছতা অভিযান চালাচ্ছে। আয়ুষ সম্প্রদায়ের বিভিন্ন সদস্য এবং আধিকারিকরা আয়ুষ ভবন এবং সংলগ্ন এলাকায় স্বচ্ছতা অভিযানে যোগ দেন। দেশব্যাপী অভিযানে সমস্ত গবেষণা পরিষদ এবং জাতীয় সংস্থাগুলিকে অংশ নিতে আয়ুষ মন্ত্রক নির্দেশ দিয়েছে।

## ২৫,০০০ সংযোগহীন বসতি এরফলে সংযুক্ত হবে এবং

# নতুন সড়কগুলিতে বিভিন্ন সেতুর নির্মাণ/উন্নয়ন করা হবে

**নয়াদিল্লি, ১১ সেপ্টেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ গ্রামোন্নয়ন দপ্তর প্রস্তাবিত প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার চতুর্থ পর্যায় (পিএমজিএসওয়াই-ওঠ) বাস্তবায়নের অনুমোদন দিয়েছে। ২০২৪-২৫ থেকে ২০২৮-২৯ অর্থবর্ষের মধ্যে এই কাজ করা হবে। এর আওতায় ৬২,৫০০ কিলোমিটার সড়ক নির্মাণ করা হবে। এতে ২৫,০০০ সংযোগহীন বসতির সঙ্গে সংযোগ স্থাপন করা যাবে। নতুন সড়কে বিভিন্ন সেতু নির্মাণ করা হবে, বেশ কিছু সেতুর উন্নয়ন ঘটানো হবে। প্রকল্পের মোট ব্যয় বরাদ্দ ধরা হয়েছে ৭০,১২৫ কোটি টাকা।

প্রকল্পের বিশদ বিবরণ:

কেন্দ্রীয় মন্ত্রিসভার অনুমোদনের বিশদ বিবরণ নীচে দেওয়া হল:

১. প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার চতুর্থ পর্যায় বাস্তবায়নের সময়সীমা ২০২৪-২৫ থেকে ২০২৮-২৯ অর্থবর্ষ। এই প্রকল্পের জন্য মোট ব্যয় বরাদ্দ ধরা হয়েছে ৭০,১২৫ কোটি টাকা (এর মধ্যে কেন্দ্রের ভাগ ৪৯০৮৭.৫০ কোটি টাকা এবং রাজ্যের ভাগ ২১০৩৭.৫০ কোটি টাকা)।

২. এই প্রকল্পের আওতায় ২৫,০০০ বসতির সঙ্গে সংযোগ স্থাপনের লক্ষ্য নেওয়া হয়েছে। ২০১১ সালের জনগণনা অনুসারে ৫০০ বা তার বেশি মানুষ বাস করেন এমন সমভূমি অঞ্চল, ২৫০ বা তার বেশি মানুষ বাস করেন- উত্তরপূর্বাঞ্চল ও পাহাড়ি রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের এমন এলাকা, বিশেষ বিভাগে থাকা এলাকা (পঞ্চম তপশীলের অন্তর্ভুক্ত, উচ্চাকাঙ্খী জেলা/মহকুমা, মরুভূমি এলাকা) এবং ১০০-র বেশি মানুষ বাস করেন এমন বাম উগ্রপন্থা অধ্যুষিত জেলা এরমধ্যে রয়েছে।

৩. এই প্রকল্পের আওতায় সব মরশুমে যাতায়াতের উপযোগী ৬২,৫০০ কিলোমিটার সড়ক নির্মাণ করা হবে। এই সড়কের ওপর প্রয়োজন অনুসারে সেতুও নির্মাণ করা হবে।

সুবিধা:

সংযোগহীন ২৫,০০০ বসতির সঙ্গে সংযোগ স্থাপনের জন্য সব মরশুমে যাতায়াতের উপযোগী সড়ক নির্মাণ।

এই সড়কগুলি প্রত্যন্ত গ্রামাঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়ন ও রূপান্তরে অনুঘটকের ভূমিকা পালন করবে। এরফলে সেখানকার মানুষজন সরকারি শিক্ষা ও স্বাস্থ্য পরিষেবার সুযোগ পাবেন। স্থানীয় বাজার ও বিকাশ কেন্দ্রগুলির সঙ্গে সংযোগ গড়ে উঠবে। স্থানীয় বাসিন্দারা উপকৃত হবেন।

এই প্রকল্পে সড়ক নির্মাণের ক্ষেত্রে আন্তর্জাতিক মান অনুসরণ করা হবে। ব্যবহার করা হবে কো মি , ওয়েস্ট প্লাস্টিক, প্যানে সিমেন্ট কংক্রিট, সেল ফি কংক্রিট প্রভৃতি প্রযুক্তি। নির্মাণ বর্জ্য এবং ফ্লাইঅ্যাশ, স্টিল স্ল্যাগ-এর মতো অন্যান্য বর্জ্যও রাস্তা নির্মাণে কাজে লাগানো হবে।

এই প্রকল্পের যাবতীয় পরিকল্পনা করা হবে পিএম গতিশক্তি পোর্টালের মাধ্যমে। এটি বিস্তারিত প্রকল্প প্রতিবেদন-ডিপিআর প্রস্তুতিতেও সহায়ক হবে।

## সরকারী পরিবহন কর্তৃপক্ষের মাধ্যমে ই-বাস পরিষেবার স্বার্থে

# কেন্দ্রীয় মন্ত্রিসভা প্রধানমন্ত্রী ই-বাস সেবা পেমেন্ট সুরক্ষা ব্যবস্থা সংক্রান্ত প্রকল্পে অনুমোদন দিয়েছে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা সরকারী পরিবহন কর্তৃপক্ষের মাধ্যমে ই-বাস পরিষেবার স্বার্থে প্রধানমন্ত্রী ই-বাস সেবা পেমেন্ট সুরক্ষা ব্যবস্থা সংক্রান্ত প্রকল্পে অনুমোদন দিয়েছে। এক্ষেত্রে প্রকল্প ব্যয় হিসেবে ৩৪৩৫.৩৩ কোটি টাকা অনুমোদন করা হয়েছে। ২০২৪-২৫ অর্থ বছর থেকে ২০২৮-২৯ অর্থ বছর পর্যন্ত এই প্রকল্পের আওতায় ৩৮ হাজার ই-বাস পথে নামানো হবে। তার পর থেকে ১২ বছর পর্যন্ত সময়সীমার জন্য এই প্রকল্পের মাধ্যমে ই-বাস চালাতে আর্থিক সহায়তা দেওয়া হবে। বর্তমানে সরকারী পরিবহন সংস্থার বাসের বেশিরভাগই ডিজেল বা সিএনজি দ্বারা চলে। এতে পরিবেশের ওপরে ব্যাপক ক্ষতিকারক প্রভাব পড়ে। অন্যদিকে, ই-বাসগুলি পরিবেশ বান্ধব তো বটেই তা চালানোর খরচও অনেক কম। তবে এই ই-বাস চালানো সরকারী পরিবহন সংস্থাগুলির কাছে এক বিরাট চ্যালেঞ্জের, কারণ তা কিনতে একদিকে যেমন প্রচুর টাকা খরচ হয়, তার পাশাপাশি বাসগুলি চালিয়ে ভাড়া পাওয়া যায় কম। ই-বাসে ব্যাপক মূলধনী খরচ হওয়ায়, সরকারী পরিবহন সংস্থাগুলি মোট পরিচালন খরচের হিসেবের নিরিখে সরকারী বেসরকারী যৌথ অংশীদারিত্বের ভিত্তিতেই ই-বাস পথে নামায়। এক্ষেত্রে সিএনজি মডেলের হিসেবে সরকারী পরিবহন সংস্থাগুলিকে বাস কেনার খরচের দায়ভার বহন করতে হয় না। তা মাসিক পেমেন্টের ভিত্তিতে সরকারী পরিবহন সংস্থার অধীন ওইএম বা অন্য চালকরাই ই-বাস চালায়। তবে, এই ব্যবস্থায় বাস চালাতে

এরপর ৪ পাতায়

# আমি পদত্যাগে রাজি, বললেন মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চিকিৎসকদের সঙ্গে বৈঠকের জন্য নবান্নের সভাঘরে বৃহস্পতিবার দু'ঘণ্টার বেশি সময় বসে ছিলেন ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। কিন্তু বৈঠক হয়নি। এরপর নবান্ন থেকে সংবাদ সম্মেলনে করে মমতা জানালেন, তিনি পদত্যাগ করতে রাজি আছেন। আরজি কর-কাণ্ডের প্রতিবাদে গত মঙ্গলবার থেকে স্বাস্থ্য ভবনের সামনে ধর্নায় বসেছেন রাজ্যের জুনিয়র চিকিৎসকরা। এর আগে পর পর দু'দিন তাদের সঙ্গে বৈঠকে বসতে চেয়েছিলেন মুখ্যমন্ত্রী। বৃহস্পতিবার তৃতীয়বারের জন্য বৈঠক ভেস্তে গেল। প্রথম থেকেই মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠকে দু'টি প্রধান শর্ত দিয়েছিলেন চিকিৎসকেরা। তারা চেয়েছিলেন, এই বৈঠকের সরাসরি সম্প্রচার হোক। ৩০ জন প্রতিনিধি নিয়ে নবান্নে বৈঠক করতে চেয়েছিলেন তারা। তবে এই দুই শর্তেই আপত্তি জানায় রাজ্য।

বৈঠক ভেস্তে যাওয়ার পর বৃহস্পতিবার নবান্ন থেকে মমতা বলেন, "তিন দিনেও সমাধান করতে পারলাম না। বাংলার মানুষের কাছে ক্ষমা চাইছি। যারা নবান্নের সামনে এসেও বৈঠকে এলেন না, তাদের আমি ক্ষমা করলাম। আমি পদত্যাগ করতে রাজি আছি। সাধারণ মানুষ রঙ বুঝতে পারেননি। ওরা বিচার চায় না। চেয়ার চায়। আশা করি মানুষ সেটা বুঝবেন।"

## কোরীয় উপদ্বীপের জলসীমায় ব্যালাস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কোরীয় উপদ্বীপে আবারও ব্যালাস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে উত্তর কোরিয়া। বৃহস্পতিবার একাধিকবার এ সামরিক কর্মযজ্ঞ করে দেশটি, এ সময় আশপাশ প্রচণ্ড শব্দে কেঁপে ওঠে। দক্ষিণ কোরিয়ার সামরিক বাহিনীতে ছড়িয়ে পড়ে আতঙ্ক। খবর রয়টার্সের।

সিউলের সামরিক বাহিনী সূত্র জানিয়েছে, উত্তর কোরিয়া প্রায় ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণের মতো উসকানিমূলক কাজ করছে। তবে এবারের উৎক্ষেপণ জুলাইয়ের শুরু থেকে ঘটা সব অস্ত্র পরীক্ষার মধ্যে বৃহৎ। পরমাণু শক্তিধর দেশটির এ ধরনের আচরণ নতুন নয়। উত্তর কোরীয় নেতা কিম জং উনের শাসনাকালে এই বছর কয়েক ডজন ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ করা হয়েছে।

সম্প্রতি উত্তর কোরিয়া নতুন গাইডিং সিস্টেম সমৃদ্ধ ২৪০ মিলিমিটার মাল্টিপল রকেট লঞ্চার উৎক্ষেপণে সাফল্য দাবি করেছে। বুধবার উত্তর কোরিয়ার রাষ্ট্রীয় গণমাধ্যম এ তথ্য জানায়। তিন মাস আগেই উত্তর কোরিয়া জানিয়েছিল, তারা দেশের সামরিক বাহিনীকে ২৪০ মিমি মাল্টিপল রকেট লঞ্চারের মতো অস্ত্রে সুসজ্জিত করতে যাচ্ছে। এ ধরনের রকেট দক্ষিণ কোরিয়ার রাজধানী সিওল এবং এর আশপাশের এলাকায় আঘাত করতে সক্ষম।

কোরিয়ান সেন্ট্রাল নিউজ এজেন্সি-কেসিএনএ জানিয়েছে, মাল্টিপল রকেট লঞ্চারগুলোর চলাচল করার এবং গোলাবর্ষণের ক্ষমতার আধুনিকায়ন করা হয়েছে, যা সব সূচকের মাধ্যমে সুবিধাজনক হিসেবে প্রমাণিত হয়েছে। আধুনিকায়নের এই প্রক্রিয়ার মধ্যে রয়েছে নতুন প্রয়োগ করা গাইডিং সিস্টেম, নিয়ন্ত্রণ করার ব্যবস্থা এবং ধ্বংসলীলা চালানোর সক্ষমতা।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৪ বর্ষ ২৫১ সংখ্যা ১৩ সেপ্টেম্বর, ২০২৪ শুক্রবার ২৭ ভাদ্র, ১৪৩১

## সম্পাদকীয়

### দু'বছরে ২ হাজার কোটি টাকা বিনিয়োগ করে আরও বেশি আবহাওয়া এবং জলবায়ু-বান্ধব ভারত গড়তে 'মিশন মৌসম' অনুমোদন করল কেন্দ্রীয় মন্ত্রিসভা

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা দু'বছরে ২ হাজার কোটি টাকা বিনিয়োগে আজ 'মিশন মৌসম' অনুমোদন করেছে।

'মিশন মৌসম' প্রধানত রূপায়ণ করবে পৃথ্বী বিজ্ঞান মন্ত্রক। এর লক্ষ্য, বহুমুখী এবং রূপান্তরকারী উদ্যোগের মাধ্যমে ভারতের আবহাওয়া এবং জলবায়ু সংক্রান্ত বিজ্ঞান, গবেষণা এবং পরিষেবার উন্নতি করা। এতে সংশ্লিষ্ট সকল পক্ষ আরও প্রস্তুত হতে পারবে। এর মধ্যে রয়েছে নাগরিকদের পাশাপাশি, প্রান্তিক এলাকার মানুষ। চরম আবহাওয়া এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব কাটাতে এটি সহায়ক হবে। এর ফলে, সাধারণ নাগরিকের পাশাপাশি, দীর্ঘমেয়াদে পরিবেশ উন্নত করার সক্ষমতা বাড়বে।

'মিশন মৌসম'-এর অঙ্গ হিসেবে ভারত গবেষণা ও উন্নয়নের কাজ বৃদ্ধি করবে, আবহাওয়া বিজ্ঞানে সক্ষমতা বৃদ্ধি ঘটাবে, অত্যাধুনিক পর্যবেক্ষণ ব্যবস্থা, উন্নত মানের গণনা এবং কৃত্রিম মেধা ও যন্ত্রের মাধ্যমে শিক্ষণের মতো অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারে 'মিশন মৌসম' নিখুঁতভাবে আবহাওয়ার পূর্বাভাস দেওয়ার ক্ষেত্রে একটি নতুন মাত্রা যোগ করবে।

এই মিশনের লক্ষ্য হবে নিখুঁত এবং সময় মতো আবহাওয়া ও জলবায়ু সংক্রান্ত তথ্য সংগ্রহ করা। সক্ষমতা বৃদ্ধি, সচেতনতা বৃদ্ধি, কুয়াশা, শিলাবৃষ্টি, বৃষ্টি ইত্যাদির মতো বিষয়ে আগাম জানানোর উপায় হবে। 'মিশন মৌসম'-এ অন্তর্ভুক্ত হবে অত্যন্ত গুরুত্বপূর্ণ কিছু উপাদান। এর মধ্যে আছে - অত্যাধুনিক র‍্যাডার এবং উপগ্রহ ব্যবস্থা। এতে যুক্ত থাকবে উন্নত সেন্সর এবং সুপার কম্প্যুটার। 'মিশন মৌসম' সরাসরি যে ক্ষেত্রগুলিকে সাহায্য করবে, সেগুলি হ'ল - কৃষি, বিপর্যয় ব্যবস্থাপনা, প্রতিরক্ষা, পরিবেশ, উড়ান, জলসম্পদ, বিদ্যুৎ, পর্যটন, জাহাজ চলাচল, পরিবহণ, শক্তি এবং স্বাস্থ্য। পৃথ্বী বিজ্ঞানের তিনটি সংস্থা ইন্ডিয়া মেটিওরলজিক্যাল ডিপার্টমেন্ট, ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ ট্রপিক্যাল মেটিওরলজি এবং ন্যাশনাল সেন্টার ফর মিডিয়াম-রেঞ্জ ওয়েদার ফোরকাস্টিং প্রাথমিকভাবে 'মিশন মৌসম' রূপায়ণ করবে। এদের সাহায্য করবে পৃথী বিজ্ঞান মন্ত্রকেরই অন্য সংস্থাগুলি, যেমন - ইন্ডিয়ান ন্যাশনাল সেন্টার ফর ওশান ইনফরমেশন সার্ভিসেস, ন্যাশনাল সেন্টার ফর পোলার অ্যান্ড ওশান রিসার্চ এবং ন্যাশনাল ইন্সটিটিউট অফ ওশান টেকনোলজি। এছাড়াও সাহায্য নেওয়া হবে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান, শিক্ষা জগৎ এবং শিল্প জগতের, যাতে আবহাওয়া ও জলবায়ু বিজ্ঞান এবং পরিষেবায় ভারত নেতৃত্ব দিতে পারে।

৩ পাতার পর

## সরকারী পরিবহন কর্তৃপক্ষের মাধ্যমে ই-বাস পরিষেবার স্বার্থে কেন্দ্রীয় মন্ত্রিসভা প্রধানমন্ত্রী ই-বাস সেবা পেমেন্ট সুরক্ষা ব্যবস্থা সংক্রান্ত প্রকল্পে অনুমোদন দিয়েছে

গিয়ে পেমেন্ট ডিফল্ট সংক্রান্ত সমস্যা প্রায়শই দেখা দেওয়ায় ওইএম বা চালকরা ই-বাস চালাতে অনিচ্ছা দেখায়। এই সমস্যার ওপর আলোকপাত করতেই এই প্রকল্পে একটা নির্দিষ্ট তহবিল মারফত সময় ধরে ওইএম বা চালকদের যাতে টাকা মিটিয়ে দেওয়া যায় তার ব্যবস্থা করা হচ্ছে। সরকারী পরিবহন সংস্থা যদি অর্থ প্রদানে ব্যর্থ হয় তাহলে এই প্রকল্প রূপায়ণকারী সংস্থা সিইএসএল, প্রকল্পের তহবিল থেকে প্রয়োজনীয় অর্থ তখনকার মতো মিটিয়ে দেবে। তবে, পরে তা সরকারী পরিবহন সংস্থা, রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে মেটাতে হবে। এই উদ্যোগের ফলে বেসরকারী সংস্থাগুলি ই-বাস চালাতে উৎসাহ পাবেন। ফলে এই প্রকল্পের মাধ্যমে একদিকে যেমন বাতাসে কার্বন নির্গমণ উল্লেখযোগ্যভাবে কমিয়ে আনা সম্ভব হবে, তার পাশাপাশি জীবাশ্ম জ্বালানি ব্যবহারের প্রয়োজনীয়তাও কমবে। এছাড়াও এই প্রকল্প গ্রহণের মাধ্যমে রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির অধীন সমস্ত সরকারী পরিবহন কর্তৃপক্ষও উপকৃত হবে।

## জঙ্গলের দেবী মা মনসা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এই অবস্থায় মৃতদেহ পঁচে যেতে শুরু করে এবং গ্রামবাসীরা তাকে মানসিক ভারসাম্যহীন মনে করতে থাকে। বেহুলা মনসার কাছে প্রার্থনা অব্যাহত রাখে। তবে মনসা ভেলাটিকেই কেবল ভাসিয়ে রাখতে সাহায্য করে।ভাসতে ভাসতে ভেলা এসে পৌছালো এক ঘাটে, যেখানে প্রতিদিন স্বর্গের ধোপানি কাপড় ধোয়। বেহুলা সেখানে এক অবাক কাণ্ড দেখলো। ধোপানি কাপড় ধুতে এসেছে একটি ছোট শিশুকে নিয়ে। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## আদ্যাশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(দ্বিতীয় পর্ব)



পরিত্যাগ করেছে। নিজের গৃহ থেকে নিজেরই পরিজনদের দ্বারা প্রতারিত হলেও, ওই বৈশ্যও রাজার মতোই তাঁর পরিবারবর্গের শুভাশুভ আশঙ্কায় উৎকণ্ঠিত হয়ে আছেন! এমন অবস্থায় উভয়ের মনেই প্রশ্ন জাগল, যাঁরা তাঁদের সর্বস্ব লুণ্ঠন করে পথের ভিক্ষুক করে তুলছে, তাঁদের প্রতি ক্রুদ্ধ না হয়ে উলটে কেন দয়ে অনুকম্পার উদয় হচ্ছে।এদিকে অমাবস্যার পরবর্তী শুক্লপক্ষের সপ্তমী, অষ্টমী ও নবমী তিথিতে ষি কাত্যায়ন ওই দেবীকে পুজো করেন। দশমীতে দেবী মহিষাসুর বধ করেন। সেই জন্য ওই দশমী তিথিকে বিজয়া দশমী বলা হয়।

তবে দুর্গা নামটি শুনলেই আমাদের চোখের সামনে ভেসে ওঠে একটা দেবীপ্রতিমা। তাঁর দশ হাতে দশ রকম অস্ত্র, এক পা সিংহের পিঠে, এক পা অসুরের কাঁধে। তাঁকে ঘিরে থাকেন গণেশ, ল ী, সরস্বতী আর কার্তিক ঠাকুর। যাঁরা সেকেলে কেতায় ঠাকুর বানান, তাঁদের ঠাকুরের পেছনে চালচিত্রে আরও নানা রকম ঠাকুর দেবতার ছবিও আঁকা থাকে। আর যাঁরা আধুনিক, তাঁরা প্রতিমার মাথার ওপর একটি ক্যালেন্ডারের শিবঠাকুর ঝুলিয়ে রাখেন। মোটামুটি এই প্রতিমা বছরের পর বছর ধরে দেখে আমরা **ক্রমশঃ**

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## মণিপুরে যুদ্ধাস্ত্র পাঠাচ্ছে মোদি, সর্বা ক যুদ্ধের আশংকা!





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সংঘাত যেন থামছেই না ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় মণিপুর রাজ্যে। এক সপ্তাহেরও বেশি সময় ধরে রাজ্যটিতে দাবি আদায়ে বিক্ষু শিক্ষার্থীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ চলছে। তিন জেলায় কারফিউ জারি করা হয়। রাজ্যজুড়ে বন্ধ করে দেওয়া হয় ইন্টারনেট পরিষেবা। এ অবস্থায় আন্দোলন দমাতে মণিপুরে যুদ্ধাস্ত্র পাঠাচ্ছে নরেন্দ্র মোদির।

মণিপুরে স্বল্প প্রশিক্ষিত পুলিশের হাতে অত্যন্ত বিপজ্জনক প্রথাগত যুদ্ধাস্ত্র তুলে দিচ্ছে ভারত সরকার। এমন দাবিই করেছেন ভারতীয় সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত কর্নেল অলোক আস্থানা। তিনি বলেন, মধ্যম পাল্লার মেশিনগান বা এমএমজি ইতিমধ্যে মণিপুর পুলিশের হাতে পৌঁছেছে, যা প্রচলিত যুদ্ধে অস্ত্র হিসেবে ব্যব ত হয়। মেশিনগানটি থেকে কয়েক সেকেন্ডে ২৩৫টি পর্যন্ত গুলি চালানো সম্ভব। কিন্তু সব বাধা উপেক্ষা করে বিক্ষোভ শুরু করেন শিক্ষার্থীরা। পুলিশের সঙ্গে সংঘর্ষে প্রায় ১০০ জন আহত হন। এমন উত্তপ্ত পরিস্থিতির মধ্যে বিে ারক তথ্য জানিয়েছেন ভারতীয় সেনাবাহিনীর কর্নেল পদমর্যাদার অবসরপ্রাপ্ত কর্মকর্তা অলোক।

কর্নেল আস্থানা একটি প্রবন্ধে লিখেছেন, এমএমজি একটি অতি শক্তিশালী অস্ত্র, যা প্রথাগত যুদ্ধে ব্যবহার করা হয় শত্রুদের নিশ্চিহ্ন করতে। এই অস্ত্র অভ্যন্তরীণ নিরাপত্তায় সেনাসদস্যদেরও দেওয়া হয় না। কারণ এটি অত্যন্ত বিপজ্জনক। আস্থানা উদ্বেগ প্রকাশ করে বলেন, মণিপুরের পুলিশের হাতে এমএমজি তুলে দেওয়া ভবিষ্যতে ভয়াবহ বিপদের কারণ হতে পারে।

তিনি আরও জানান- মণিপুরে স্থানীয় কমান্ডোরা বিভিন্ন উপজাতির কাছে অত্যন্ত ঘৃণ্য। তাই এই বাহিনীকে এমএমজি দেওয়ার সিদ্ধান্ত আরও বিপজ্জনক হতে পারে। মণিপুর সরকারের ৪০০০ অস্ত্র লুট হওয়ার পরিপ্রেক্ষিতে হয়তো এমএমজি দেওয়া হচ্ছে। কিন্তু ভবিষ্যতে এই অস্ত্র যদি লুট হয়ে যায়, তবে তা কি সরকার মেনে নেবে

গত ৯ সেপ্টেম্বর অবসরপ্রাপ্ত ওই কর্নেলের লেখা প্রবন্ধ প্রকাশ করে ভারতের সংবাদভিত্তিক ওয়েবসাইট দ্য ওয়ার। এর আগে দ্য ইন্ডিয়া কেবল নামের ওয়েবসাইটেও এটি প্রকাশিত হয়। প্রবন্ধের শেষে কর্নেল আস্থানা সরকারের উদ্দেশ্যে সতর্ক বার্তা দিয়েছেন।

মণিপুর পুলিশের হাতে এমএমজি তুলে দেওয়ার আগে সরকারের শুভবুদ্ধির উদয় হওয়া প্রয়োজন। মাত্র ২১ দিনের প্রশিক্ষণ নিয়ে পুলিশের হাতে এতো শক্তিশালী অস্ত্র তুলে দেওয়া নাগরিকদের জন্য বিপজ্জনক হতে পারে। তিনি জানান, কেন্দ্রীয় সরকার সরাসরি এই নির্দেশ দিয়েছে বলে পরিস্থিতি অনিশ্চিত হয়ে উঠেছে।

## অমিত শাহর নিশানায় রাহুল গান্ধী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিদেশ সফরে গিয়ে ফের 'বিতর্কিত' মন্তব্যের জন্য বুধবার রাহুল গান্ধীকে নিশানা করলেন অমিত শাহ। বললেন, 'দেশ-বিরোধী, সংরক্ষণ-বিরোধী মন্তব্য।'

বুধবার ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী ও বিজেপি নেতা বলেছেন, 'রাহুলের স্বভাবই হল বার বার দেশবিরোধী শক্তিদের পাশে দাঁড়ানো। এ সব দেশ-বিরোধী, সংরক্ষণ-বিরোধী মন্তব্য করে বার বার দেশের নিরাপত্তাকে প্রশ্নের মুখে ফেলেছেন উনি। আঘাত করেছেন মানুষের ভাবাবেগেও।' অমিতের আরও দাবি, রাহুলের এই সব মন্তব্য ধর্ম, প্রাদেশিকতা এবং ভাষাকে হাতিয়ার করে কংগ্রেসের বিভাজনের রাজনীতিই চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেয়। এর পরেই তিনি বলেন, 'কিন্তু যতদিন বিজেপি রয়েছে, সংরক্ষণও থাকবে। দেশের নিরাপত্তা নিয়েও কেউ ছেলেখেলা করতে পারবে না।'

প্রসঙ্গত, সম্প্রতি আমেরিকায় দু'টি পৃথক কর্মসূচিতে ভারতে জাতভিত্তিক সংরক্ষণ ব্যবস্থার যৌক্তিকতা এবং বর্তমান পরিস্থিতিতে শিখদের স্বাধীন ভাবে ধর্মাচরণের অধিকার নিয়ে সংশয় প্রকাশ করেছিলেন রাহুল। জাতভিত্তিক সংরক্ষণ ব্যবস্থা প্রসঙ্গে রবিবার এক সভায় রাহুল বলেন, 'কংগ্রেস তখনই সংরক্ষণ ব্যবস্থায় ইতি টানবে, যখন দেশে সামাজিক ন্যায় প্রতিষ্ঠিত হবে। এখনও ভারতে তেমন পরিবেশ নেই।' রাহুল আরও বলেন, 'আমাদের লড়াই রাজনীতি নিয়ে নয়। আমাদের লড়াই এক জন শিখ তার পাগড়ি পরতে পারেন কি না, তা নিয়েও। এই লড়াই সব ধর্মের জন্য।' নরেন্দ্র মোদী সরকারের আমলে সংখ্যালঘু জনগোষ্ঠীর স্বাধীনভাবে ধর্মাচরণের অধিকার সঙ্কুচিত হচ্ছে বলেও ইঙ্গিত দেন তিনি। এর পরেই সমালোচনা শুরু হয়েছে নানা মহলে। সরব হয়েছেন মায়াবতী, চিরাগ পাসোয়ানও। অনেকেই মনে করছেন, রাহুলের মন্তব্য 'দলিত-বিরোধী'। এবার সমালোচকদের তালিকায় নাম জুড়ল অমিতেরও।

## ভারতেও মাঙ্কিপ শনাক্ত





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিশ্বজুড়েই আতঙ্কের নাম মাঙ্কিপ বা এমপ । আফিকা এই ভাইরাস ছড়িয়ে পড়ছে ইউরোপে। এশিয়াতেও লেগেছে এই ভাইরাসের আঁচ। পাকিস্তান, ফিলিপাইন ও থাইল্যান্ডের পর এবার ভারতেও এমপ আক্রান্ত রোগি শনাক্ত হয়েছে।

ভারতীয় স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, হরিয়ানা রাজ্যের হিসার অঞ্চলের এক বাসিন্দার শরীরে এই ভাইরাসের উপস্থিতি পাওয়া গেছে। তার বয়স ২৬ বছর। তিনি এমপে র ধরন ক্লেড টুতে আক্রান্ত। তাকে রাজধানী নয়াদিল্লির লোকনায়ক জয়প্রকাশ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গত শনিবার বিদেশ থেকে ভারতে ফিরেছেন ওই ব্যক্তি। তবে তিনি কোন দেশে ছিলেন, সে বিষয়ে কোনো তথ্য প্রকাশ করেনি মন্ত্রণালয়। এরই মধ্যে তার শরীরে এমপে র যাবতীয় লক্ষণ ফুটে উঠেছে। তিনিই ভারতের প্রথম এমপ আক্রান্ত ব্যক্তি।

এর আগে গত আগস্ট মাসের মাঝামাঝি সময়ে পাকিস্তানে প্রথম এমপ ভাইরাস করে বলেছিল, তাদের এলাকায় একজনের শরীরে এমপ ভাইরাস ধরা পড়েছে। বর্তমানে দেশটিতে আটজনের শরীরে এই ভাইরাস পাওয়া গেছে।

তবে এমপ ভাইরাস আগে থেকেই পৃথিবীতে ছিল। মাঝখানে কমলেও সম্প্রতি আবার বাড়তে শুরু করেছে। ১৯৫৮ সালে বানরের দেহে এই ভাইরাস প্রথম শনাক্ত হওয়ায় নামকরণ হয় মাঙ্কিপ , যাকে সংক্ষেপে বলা হয় এমপ ।

# সিনেমার খবর

## বাবার শিক্ষা এখনও ভোলেননি অমিতাভ, যে পাঠ মনে করলেন!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** অমিতাভ বচ্চনের জীবন বিবিধ অভিজ্ঞতায় পূর্ণ। তার কাছে জীবনবোধ শিক্ষণীয়। কিন্তু এখনো বাবা হরিবংশ রাই বচ্চনের শিক্ষা ভোলেননি তিনি। আরো একবার অনুরাগীদের মনে করিয়ে দিলেন সেই কথাই।

সামাজিকমাধ্যমে মাঝেমধ্যেই বাবার স্মৃতিচারণ করেন অমিতাভ। কখনও ভাগ করে নেন বাবার লেখা কবিতার পঙক্তি। বাবার কাছে শেখা জীবনের গুরুত্বপূর্ণ পাঠ এবার অনুরাগীদের সঙ্গেও ভাগ করে নিলেন বিগ বি। অমিতাভ তার এ হ্যান্ডলে (সাবেক টুইটার) লেখেন, 'জীবন যতক্ষণ, সংঘর্ষ ততক্ষণ।' এরই সঙ্গে অমিতাভ লেখেন, 'শ্রদ্ধেয় বাবার থেকে শেখা কথা।'

অমিতাভ যে ৮১ বছর বয়সেও লাগাতার কাজ করে চলেছেন, তা নিয়ে সম্প্রতি চর্চা শুরু হয়। অভিনেতা তার উত্তরও বলেন, 'আমারও স্বাধীনতা রয়েছে কাজ করে যাওয়ার। আমি আমার কাজ করে যাব।'

অমিতাভকে দর্শক সম্প্রতি 'কল্কি: ২৮৯৮' ছবিতে দেখেছেন। এছাড়াও অভিনেতা 'কউন বনেগা ক্রোড়পতি'র নতুন সিজনের শুটিংয়ে ব্যস্ত। সিনেমা থেকে রিয়্যালিটি শো সর্বত্র স্বমহিমায় বিরাজমান হিন্দি ছবির এই মহাতারকা। ক্লান্তি নেই তার। শিক্ষণীয়ই বটে।

## ভেঙে গেল জেরিন খানের প্রেম



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** এক সময় বলিউড তারকা সালমান খানের সঙ্গে অভিনেত্রী জেরিন খানের প্রেমের গুঞ্জন শোনা গেছে। তারপর জল অনেক গড়িয়েছে। পরে রিয়েলিটি শো 'বিগবস'র ১২তম আসরের প্রতিযোগী শিবাশিস মিশ্রার সঙ্গে প্রেমের সম্পর্কে জড়ান জেরিন। ৩ বছর প্রেম করার পর এ সম্পর্কও ভেঙে গেলে জেরিন খানের।

জেরিন-শিবাশিসের ঘনিষ্ঠ এক বন্ধু টাইমস অব ইন্ডিয়াকে বলেন, 'কয়েক মাস আগে ভেঙে গেছে জেরিন-শিবাশিসের প্রেমের সম্পর্ক। এ ভাঙনের পেছনে বেশ কিছু কারণ অনুঘটক হিসেবে কাজ করেছে। তবে তারা পারস্পরিক সম্মতিতেই আলাদা হয়েছেন।'


গত ফেব্রুয়ারি অথবা মার্চ মাসে সম্পর্কের ইতি টেনেছেন জেরিন-শিবাশিস। সোশ্যাল মিডিয়াতেও পরস্পরকে আর অনুসরণ করেন না। তবে এ নিয়ে কথা বলতে এ জুটির মুঠোফোনে যোগাযোগ করে টাইমস অব ইন্ডিয়া। কিন্তু তাতে সাড়া দেননি তাদের কেউই।

২০২১ সালে সম্পর্কে জড়ান জেরিন-শিবাসিশ। ওই বছরই জেরিন খান বলেছিলেন, 'সম্প্রতি আমাদের পরিচয়। এ বছরের শুরুতে আমাদের দেখা হয়। আমরা পরস্পরকে জানছি। আমরা পরস্পরকে পছন্দ করি। প্রেম করি আর না করি, আমরা ভালো বন্ধু।'

গত মাসে একটি পডকাস্ট অনুষ্ঠানে অতিথি হিসেবে হাজির হয়েছিলেন জেরিন খান। সেখানে বিয়ে নিয়ে প্রশ্ন করা হলে জেরিন খান বলেন, 'আমার এই চেহারা দেখে কেউ বিয়ের প্রস্তাব দেবে না। আর যদি দেয়ও তবে আমি জানি না। আসলে, আমার জীবনের বড় সমস্যা হলো - আমি কখনো বিয়ে করতে চাই না।'

২০১০ সালে 'বীর' সিনেমার মাধ্যমে বলিউডে অভিষেক ঘটে জেরিন খানের। এ সিনেমায় তার বিপরীতে অভিনয় করেন সালমান খান।

## রাধার সাজে সুড়সুড়ি তামান্নার, নেট দুনিয়ায় তুলকালাম



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** রাধাকৃ র প্রেমে বিকৃতি প্রদর্শনে ধর্মীয় ভাবাবেগে আঘাত দেয়ার অভিযোগ উঠেছে ভারতের দক্ষিণী নায়িকা তামান্না ভাটিয়ার বিরুদ্ধে। এক ফটোশুটে রাধা ও কৃ র প্রেমকে তুলে ধরা হয়। কৃ প্রেমে মগ্ন রাধাকে দেখে তামান্নাকে প্রশংসায় ভরিয়ে দিয়েছিলেন তার অনুরাগীরা।

তবে বিরাগভাজনও হয়েছেন। কারণ এ ফটোশুটে এমন কিছু ছবি আছে যা তাদের ভাবমূর্তির সঙ্গে যায় না বলে মনে করেছেন অনেকে। এতে ধর্মীয় ভাবাবেগে আঘাত দিয়েছে বলে দাবি তাদের। কিছুদিন আগেই রাধাকৃ র সেই ফটোশুট করেছিলেন অভিনেত্রী। একটি পোশাক বিপণন সংস্থার সেই শুটের বেশ কিছু ছবি সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাগ করে নেন তিনি। কিন্তু এর কিছু ছবিকে ঘিরেই তৈরি হয়েছে বিতর্ক। চাপে পড়ে সেসব ছবি সামাজিক যোগাযোগ মাধ্যম থেকে মুছে ফেলেছেন তামান্না।



নেটাগরিকের এক দলের দাবি, এই শুটে নাকি রাধাকৃ র প্রেমে যৌনতা টেনে আনা হয়েছে। এই অভিযোগে একের পরে এক পোস্ট করা হয়। অভিযোগকারীরা একটি বিবৃতিতে বলেন, 'মূর্খের দল, নিজের পণ্যের বিক্রির জন্য রাধাকৃ র পবিত্র সম্পর্কে যৌনতা নিয়ে আসবেন না। এত বড় সাহস কী ভাবে হয় আপনাদের!'

জানা যায়, পোস্টগুলোতে তামান্নার পোশাক নিয়েও আক্রমণ করা হয়। এরপরেই চাপে পড়ে অভিনেত্রী ও পোশাক বিপণন সংস্থার পক্ষ থেকে এই ছবিগুলো মুছে ফেলা হয়েছে। তবে বিষয়টি নিয়ে এখনও কেউই কোনো মন্তব্য করেননি।

কিছু দিন আগেই তামান্নাকে দেখা গিয়েছে 'স্ত্রী ২' ছবির জনপ্রিয় গান 'আজ কি রাত'-এ। এই গানে তামান্নার নাচ মন জয় করেছে দর্শকের। গানটি নেট দুনিয়াতেও ভাইরাল। ছবিটিও ব অফিসে আলোড়ন ফেলেছে। এ ছাড়াও জন আব্রাহাম অভিনীত 'বেদা' ছবিতে অভিনয় করেছেন তিনি। তবে এই ছবি ব অফিসে সেভাবে সাড়া ফেলতে পারেনি।

## দুঃসংবাদ দিলেন ক্যানসার আক্রান্ত হিনা খান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কেমোথেরাপির মাঝেই 'মিউকোসাইটিস' রোগে আক্রান্ত হয়েছেন বলিউড অভিনেত্রী হিনা খান। বৃহস্পতিবার ইনস্টাগ্রামে দেওয়া নতুন পোস্টে এ দুঃসংবাদ জানান হিনা। তিনি জানান, ক্যানসারের চিকিৎসার মধ্যেই মিউকোসাইটিসে আক্রান্ত তিনি। এর আগে গেল জুন মাসের শেষের দিকে স্তন ক্যানসারে আক্রান্ত হওয়ার কথা জানান হিনা খান। সেটি ছিল তৃতীয় পর্যায়ে। এরপর থেকে নিজের চিকিৎসা, শারীরিক ও মানসিক অবস্থা নিয়ে নিয়মিতই ইনস্টাগ্রামে পোস্ট দিয়েছেন তিনি। কেমোর কারণে চুলও পড়ে যায় অভিনেত্রীর। তবু মনের জোর অটুট রেখেছিলেন। তবে এবার যেন কিছুটা হলেও মানসিক ভাবে ভেঙে পড়লেন তিনি। ইনস্টাগ্রামে হিনা জানিয়েছেন, কেমোথেরাপির আরেকটি পার্শ্বপ্রতিক্রিয়া হচ্ছে মিউকোসাইটিস। যদিও প্রতি পদে পদে চিকিৎসকদের পরামর্শ মেনে চলছি সেরে ওঠার জন্য। আপনাদের মধ্যে কেউ যদি এই রোগের সঙ্গে যুঝে থাকেন, তাহলে দয়া করে এর সঠিক সমাধানের উপায় বাতলে দিন আমাকে।

ওই পোস্টে হিনা আরও লেখেন, সত্যিই খুব কষ্ট হচ্ছে, কিচ্ছু খেতে পারছি না। আপনারা কেউ যদি সমাধানের উপায় বলে দেন, তাহলে আমার খুব ভালো হয়।

ভারতীয় টেলিভিশন টেলিভিশন ইন্ডাস্ট্রির অন্যতম জনপ্রিয় মুখ হিনা খান। জনপ্রিয় টিভি সিরিয়াল 'ইয়ে রিশতা কেয়া কেহলাতা হ্যায়'-এ অক্ষরা চরিত্রে অভিনয়ের জন্য তিনি ব্যাপক পরিচিতি লাভ করেন। টেলিভিশন সাফল্যের পাশাপাশি হিনা 'বিগ বস' এবং 'খতরন কে খিলাড়ি'র মতো রিয়্যালিটি শোতে অংশগ্রহণ করেছেন। তারপর তাকে 'হ্যাকড' সিনেমায় দেখা গেছে।

## সার্বিয়ায় আটকে গেল

# ইউরো চ্যাম্পিয়ন স্পেন



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** শুরু হয়েছে নেশন্স লিগ। বৃহস্পতিবার মাঠে নেমে সার্বিয়ার বিপক্ষে হোঁচট খেয়েছে স্পেন। পুরো ম্যাচে ৭৩ শতাংশ সময় পজেশন ধরে রেখে গোলের জন্য স্পেন শট নেয় মোট ২১টি। যার ৫টি লক্ষ্যে ছিল। অন্যদিকে, সার্বিয়ার ৯ শটের কেবল একটি ছিল লক্ষ্যে।

গত জুলাইয়ে ইউরো জেতা স্পেন একাদশ সাজিয়েছিল সেরাদের নিয়েই। বর্তমান সময়ে ফর্মের তুঙ্গে থাকা ইয়ামাল ম্যাচ জুড়ে দারুণ খেলেছেন। তবে দলকে জেতাতে পারেননি। একাদশে ছিলেন নিকো উইলিয়ামস, দানি ওলমো। তবে তারাও প্রতিপক্ষের ডিফেন্স ভাঙতে পারেননি।

সার্বিয়াকে ম্যাচটি ড্র করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন তাদের গোলরক্ষক প্রেড্রাগ রাজকোভিচ। ম্যাচে সার্বিয়ার সেরা খেলোয়াড়ও ছিলেন তিনি। ইয়ামাল-ওলমোদের বেশকিছু শট ঠেকিয়ে দেন তিনি। স্পেনের কোচ দ্বিতীয় হাফের শেষের দিকে পেদ্রি, তরেসকে নামিয়েও গোলের দেখা পাননি।

## ব্যালনের তালিকায় নেই রদ্রিগোর নাম,

## 'ক্ষু ' নেইমার



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** ফুটবলের অন্যতম মর্যাদাপূর্ণ পুরস্কার ব্যালন ডি'অর নিয়ে জল্পনা-কল্পনার শেষ নেই। সর্বশেষ মৌসুমের পারফরম্যান্সের আলোকে গতকাল (বুধবার) ব্যালন ডি'অরের জন্য মনোনীত খেলোয়াড়দের তালিকা প্রকাশ করেছে ফরাসি সাময়িকী 'ফ্রান্স ফুটবল'। তবে সেই তালিকায় ব্রাজিলিয়ান ফরোয়ার্ড রদ্রিগো গোয়েসের নাম থাকায় ক্ষু প্রতিক্রিয়া দেখিয়েছেন নেইমার জুনিয়র।

ব্রাজিলিয়ান সুপারস্টার নিজের ইনস্টাগ্রাম স্টোরিতে রদ্রিগোর একটি ছবি দিয়ে লিখেছেন, 'ন্যূনতম বিশ্বের সেরা পাঁচে থাকার কথা ছিল, গোলমেলে।'

রদ্রিগো নিজেও ইনস্টাগ্রাম একাউন্টের স্টোরিতে বেশ কয়েকটি ছবি কোলাজ করে পোস্ট করেছেন। সেসব ছবির সঙ্গে যদিও তিনি কিছু লেখেননি। তবে রিয়ালের হয়ে চ্যাম্পিয়ন্স লিগে জয়ের ছবিসহ গুরুত্বপূর্ণ বেশ কয়েকটি ম্যাচের দৃশ্যপট তুলে ধরে তিনি হয়তো কোনো ইঙ্গিতই দিতে চেয়েছেন। একইসঙ্গে ছবির ওপরে দুটি ইমোজি ব্যবহার করেছেন একটি অ হাসির, অপরটি দুই হাত মেলে ধরার।

এবারের বর্ষসেরা ফুটবলারের এই পুরস্কার জয়ের লড়াইয়ে আছেন বেশ কয়েকজন তরুণ ফুটবলার। এই তালিকায় এগিয়ে আছেন রিয়াল মাদ্রিদের ভিনিসিয়ুস, জুড বেলিংহাম ও ম্যানচেস্টার সিটির আর্লিং হালান্ড। ইউরোজয়ী স্পেন এবং চ্যাম্পিয়ন্স লিগ জেতা রিয়ালের খেলোয়াড়রা ৩০ জনের ওই তালিকায় আধিপত্য দেখাচ্ছেন।

ব্যালন ডি'অরের জন্য ৩০ জনের সংক্ষিপ্ত তালিকা :

জুড বেলিংহাম (রিয়াল মাদ্রিদ), রুবেন দিয়াজ (ম্যানচেস্টার সিটি), ফিল ফোডেন (ম্যানচেস্টার সিটি), ফেদেরিকো ভালভের্দে (রিয়াল মাদ্রিদ), এমিলিয়ানো মার্টিনেজ (অ্যাস্টন ভিলা), আর্লিং হালান্ড (ম্যানচেস্টার সিটি), নিকো উইলিয়ামস (অ্যাতলেটিকো বিলবাও), গ্রানিত জাকা (বায়ার লেভারকুসেন), আর্তেম দোভিক (জিরোনা/রোমা), টনি ক্রুস (রিয়াল মাদ্রিদ), ভিনিসিয়ুস জুনিয়র (রিয়াল মাদ্রিদ), দানি ওলমো (লাইপজিগ/বার্সেলোনা), ফ্লোরিয়ান ভিরৎজ (বায়ার লেভারকুসেন), মার্টিন ওডেগার্ড (আর্সেনাল), ম্যাট হুমেলস (বরুশিয়া ডর্টমুন্ড), রদ্রি (ম্যানচেস্টার সিটি), হ্যারি কেইন (বায়ার্ন মিউনিখ), ডেকলান রাইস (আর্সেনাল), ভিতিনিয়া (পিএসজি), কোল পালমার (ম্যানচেস্টার সিটি/চেলসি), দানি কারভাহাল (রিয়াল মাদ্রিদ), লামিনে ইয়ামাল (বার্সেলোনা), বুকায়ো সাকা (আর্সেনাল), হাকান কালহানাগলু (ইন্টার মিলান), উইলিয়াম সালিবা (আর্সেনাল), কিলিয়ান এমবাপে (পিএসজি/রিয়াল মাদ্রিদ), লাউতারো মার্টিনেজ (ইন্টার মিলান), অ্যাডেমোলা লুকম্যান (আতালান্তা), আন্টোনিও রুডিগার (রিয়াল মাদ্রিদ), আলে গ্রিমালেদা (বায়ার লেভারকুসেন)।

# অবশেষে হারের বৃত্ত ভাঙল ব্রাজিল



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** ২০২৬ বিশ্বকাপ বাছাইয়ে অবশেষে হারের বৃত্ত ভাঙল ব্রাজিল। ইকুয়েডরের বিপক্ষে রদ্রিগোর একমাত্র গোলে জয়ের দেখা পেল ব্রাজিল।

শনিবার সকালে ২০২৬ বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচে ঘরের মাঠে ইকুয়েডরকে ১-০ গোলে হারিয়েছে ব্রাজিল।

এর আগে গত চার ম্যাচেই জয়শূন্য ছিল ব্রাজিল। শেষ তিন ম্যাচের সবকটিতেই হেরেছিল সেলেসাওরা। পয়েন্ট তালিকার ৬ নম্বরে থাকা ব্রাজিলের সামনে আজ ছিল ইকুয়েডর চ্যালেঞ্জ। সেই চ্যালেঞ্জ মোকাবিলায় ম্যাচের তৃতীয় মিনিটেই ভালো সুযোগ পায় ব্রাজিল। রদ্রিগোর ফি কিকে পেনাল্টি স্পটের কাছ থেকে হেড লক্ষ্যে রাখতে পারেননি লুইস এইহিক। ক্রসবার ঘেঁষে বেরিয়ে যায় বল।

৯ মিনিট পর ডি ব র বাইরে থেকে রদ্রিগোর শট ফেরান ইকুয়েডর গোলরক্ষক হেরমান গালিনদেস। ব্রাজিল জয়সূচক গোলটি পেয়েছে ম্যাচের ৩০ মিনিটে। ব র সামনে দাঁড়িয়ে ছিলেন ব্রাজিল ফরোয়ার্ড রদ্রিগো। লুকাস পাকেতার পাস ব র বাইরে নিয়ন্ত্রণে নিয়ে দারুণ এক শটে ইকুয়েডরের জালে বল জড়ান ব্রাজিলিয়ান নাম্বার টেন।

প্রথম গোলের ৫ মিনিট বাদেই ব্যবধান প্রায় দ্বিগুণ করার সুযোগ পেয়েছিলেন ভিনিসিয়াস। ব র বাইরে থেকে ভিনির নেওয়া চিপ শট ইকুয়েডর গোলকিপারকে পরাস্তও করেছিলেন। কিন্তু তা দূরের পোস্ট ঘেঁষে বাইরে চলে যায়। প্রথমার্ধের যোগ করা সময়ের চতুর্থ মিনিটে সমতা প্রায় ফিরিয়েই ফেলেছিল ইকুয়েডর। ব্রাজিলের তিন খেলোয়াড়ের ঘের থেকে বল পায়ে বেরিয়ে যান কেভিন রদ্রিগেস। অনেকটা এগিয়ে গিয়ে ডি ব র মাথায় তিনি খুঁজে নেন কেইসেদোকে। চেলসি মিডফি ারের প্রথম শট ফেরান ব্রাজিল গোলরক্ষক আলিসন। ফিরতি শট গোললাইন থেকে ফিরিয়ে দেন গাব্রিয়েল মাগালিয়াইস। প্রথমার্ধে গোল হজমের পর ইকুয়েডর আর ঘুরে দাঁড়াতে পারেনি। শেষ পর্যন্ত এই গোলকে পুঁজি করেই জয় পেয়েছে ব্রাজিল। এ জয়ে ৭ ম্যাচে ১০ পয়েন্ট নিয়ে তালিকার চারে উঠে এসেছে ব্রাজিল। সমান ম্যাচে ৮ পয়েন্ট নিয়ে তালিকার ছয়ে ইকুয়েডর। ৭ ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে সবার ওপরে আছে আর্জেন্টিনা। ৭ ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে দ্বিতীয় উরুগুয়ে। তৃতীয় কলম্বিয়ার সংগ্রহ ৬ ম্যাচে ১২ পয়েন্ট।

লাতিন আমেরিকা অঞ্চল থেকে পয়েন্ট টেবিলে শীর্ষ ছয় দল সরাসরি ২০২৬ বিশ্বকাপে খেলার সুযোগ পাবে। সপ্তম দলটিকে খেলতে হবে প্লে অফ।

# বিয়ে করলেই ফর্মে ফিরবেন বাবর




**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** বাবর আজমের সাম্রাজ্যে চলছে পতনের সুর। অনেকদিন ধরেই তার ব্যাটে রান নাই। অধিনায়কত্বেও তিনি সুবিধা করতে পারেননি। তাই প্রশ্ন উঠছে, কি করলে ফর্মে ফিরতে পারেন পাকিস্তানের এই ব্যাটার।

এমন বাজে সময়ে বাবরকে ফর্মে ফিরতে বিয়ে করার পরামর্শ দিয়েছেন বাসিত আলী। পাকিস্তানের সাবেক এ ক্রিকেটার নিজের ইউটিউব চ্যানেলে বলেছেন, 'বাবর আজম, তোমার মা-বাবার সঙ্গে কথা বলে বিয়ে করে নাও। এরপর তুমি পুরোপুরি ভিন্ন এক মানুষ হয়ে উঠবে। আমি জানি, যখন কোনো খেলোয়াড় ভালো খেলতে পারে না, তখন কেমন অনুভূতি হয়। আমি বাবরের মা-বাবাকে অনুরোধ করছি, ওর বিয়ের ব্যবস্থা করুন। বড় ভাই হিসেবে আমি ওকে বলতে চাই, ভাই বিয়ে করে ফেলো। তোমার যথেষ্ট বয়স হয়েছে।'

পাকিস্তান ক্রিকেট দলেরও সমালোচনা করেছেন বাসিত, 'বাংলাদেশের বিপক্ষে সিরিজ হারের দল পাকিস্তানের ক্রিকেটারদের বড় শিক্ষা হয়েছে। এটা পাকিস্তান ক্রিকেটের জন্য জেগে ওঠার ডাক। ওরা এর চেয়ে নিচে নামতে পারে না। এখন তাদের জেগে উঠে চোখ মেলতে হবে। বাংলাদেশের কাছে হারের পরও যদি তোমাদের চোখ না খোলে, তাহলে শুধু নেপাল ও আফগানিস্তানের বিপক্ষে টেস্ট খেলো।'

পাকিস্তানের ওয়ানডে ও টি-টোয়েন্টি অধিনায়ক বাবর তিন সংস্করণ মিলিয়ে সর্বশেষ ৩৫ ইনিংসে সেঞ্চুরির দেখা পাননি। টেস্টে তার সাম্প্রতিক পারফরম্যান্স আরও নাজুক। ২৯ বছর বয়সী এই ব্যাটসম্যান টেস্টে সর্বশেষ ফিফটি পেয়েছেন ২০২২ সালের ডিসেম্বরে। এরপর এই সংস্করণে খেলেছেন আরও ১৬ ইনিংস, যেখানে তাঁর সর্বোচ্চ ইনিংসটি ৪১ রানের।

বাবরের সামনে আরও কঠিন পরীক্ষা। আগামী মাসেই তিন ম্যাচের টেস্ট সিরিজ খেলতে পাকিস্তানে যাওয়ার কথা ইংল্যান্ড দলের। ইংলিশদের বিপক্ষে ২০২২ সালে ৩-০ ব্যবধানে সিরিজ হেরেছিল পাকিস্তান।

# মেসির জার্সিতে গোল করে যা বললেন দিবালা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রায় এক দশক পর লিওনেল মেসি ও আনহেল ডি মারিয়ার কাউকেই ম্যাচে পায়নি আর্জেন্টিনা। তবে মাঠের পারফরম্যান্সে দুই কিংবদন্তির ঘাটতি অনেকটা পূরণ করেছেন দলের বাকি সদস্যরা। ২০২৬ বিশ্বকাপ বাছাইপর্বের কনমেবল অঞ্চলের ম্যাচে চিলির বিপক্ষে সহজ জয় পেয়েছে আর্জেন্টিনা।

এদিন শুরু থেকেই আক্রমণা ক ছিল আর্জেন্টিনা। তবে ছন্দ খুঁজে পাচ্ছিল না। বিরতির পর ডেডলক ভাঙে আর্জেন্টিনা। নিখুঁত প্লেসিং শটে স্কোরশিটে নাম লেখান ম্যাক অ্যালিস্টার। এরপর কৌশলে পরিবর্তন আনেন কোচ স্কালোনি। একাদশে তিন পরিবর্তন। আলেহান্দ্রো গারনাচো, পাওলো দিবালা ও মার্কোস আকুইনাকে মাঠে নামান। মেসির অনুপস্থিতিতে ১০ নম্বর জার্সি পরে খেলতে নামেন দিবালা।

এরপরই ব্যবধান বাড়ে বিশ্বচ্যাম্পিয়নদের। গোল করেন জুলিয়ান আলভারেজ। আর ইনজুরি সময়ে পাওলো দিবালার ঝলক। ১০ নম্বর জার্সির মান রেখেছেন আর্জেন্টাইন সেনসেশন। দেশের হয়ে চতুর্থ গোল এই ফরোয়ার্ডের।

মেসির জার্সি পরে গোল করার পর পাওলো দিবালা বলেন, আমি জানি জার্সিটা আমার নয়। এটা লিওর। যতটা সম্ভব, আমি ১০ নম্বর জার্সির প্রতিনিধিত্ব করার চেষ্টা করেছি। কেউ কেউ বলেছে, আমার এটা পরা উচিত কিনা। কিন্তু দায়িত্ব পালন করতে পেরে ভালো লাগছে।

আর্জেন্টিনা দলে ফিরতে পেরে নিজের অনুভূতির কথা জানিয়ে দিবালা আরও বলেন, ভেবেছিলাম আমি হয়তো ডাক পাব না। ফিরতে পারব না, কিন্তু আমাকে ফিরতেই হতো। খেলতেই হতো। যখন এই জার্সি পরবেন, তখন সেরাটাই দিতে হবে। ম্যাচের আগে এল মনুমেন্তাল স্টেডিয়াম ছিল অশ্রুসিক্ত। জাতীয় দলকে বিদায় জানানো আনহেল দি মারিয়া উপস্থিত হয়েছিলেন স্বপরিবারে। তাকে সম্মান জানাতে এতটুকু কার্পন্য করেনি আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশন। ভিডিও বার্তায় দীর্ঘদিনের সতীর্থকে শুভকামনা জানিয়েছেন লিওনেল মেসি।

## নিউজিল্যান্ডের কোচিং স্টাফে হেরাথ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বাংলাদেশের সাবেক স্পিন বোলিং কোচ রঙ্গানা হেরাথ এবার কিছুদিনের জন্য নিউজিল্যান্ডের কোচিং স্টাফে যোগ দেবেন। সামনেই দক্ষিণ এশিয়ায় ছয়টি টেস্ট ম্যাচ খেলবে নিউজিল্যান্ড। এর প্রথম তিনটিতে নিউজিল্যান্ডের স্পিন বোলিং কোচ হিসেবে কাজ করবেন শ্রীলঙ্কার স্পিন গ্রেট হেরাথ।

ছো মেয়াদে নিউজিল্যান্ডের কোচিং স্টাফে কাজ করবেন ভিক্রাম রাঠোরও। ভারতের সাবেক ব্যাটিং কোচ নিউ জিল্যান্ড দলেও একই দায়িত্ব পালন করবেন।

রাঠোর ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপ পর্যন্ত ভারতের ব্যাটিং কোচ ছিলেন। অন্যদিকে হেরাথ ছিলেন বাংলাদেশের স্পিন বোলিং পরামর্শক। ২০২১ থেকে ২০২৩ সাল পর্যন্ত বাংলাদেশের দায়িত্বে ছিলেন হেরাথ।

নতুন দুই কোচিং স্টাফ সম্পর্কে নিউজিল্যান্ডের প্রধান কোচ গ্যারি স্টিড বলেছেন, 'দুজনই বিশ্ব ক্রিকেটে বেশ সম্মানীয় এবং আমি জানি আমাদের ক্রিকেটাররা তাদের কাছ থেকে শেখার জন্য অপেক্ষা করছে।'

বাঁহাতি স্পিনার হেরাথকে নিয়ে স্টিড আলাদা করে বলেন, 'আমাদের তিনজন বাঁহাতি স্পিনার এজাজ প্যাটেল, মিচেল স্যান্টনার ও রাচিন রবীন্দ্র তিন টেস্টের জন্য উপমহাদেশে রঙ্গনার সঙ্গে কাজ করার সুযোগ পাবে, এটা অনেক উপকারী হবে। আমাদের দুই টেস্টের ভেন্যু গলে রঙ্গনার ১০০-এর বেশির উইকেট আছে, ওই মাঠ নিয়ে তার জ্ঞান অমূল্য।'

## ধোনির যে কাণ্ডে বিড়ম্বনায় কোহলি!



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বিরাট কোহলি ভক্তদের সবারই জানা তার ডাকনাম চিকু। কোহলির ডাক নামকে এমন জনপ্রিয় করার পেছনে অনেকটা অবদান আছে মহেন্দ্র সিংহ ধোনির, এমনটাই নিজেই জানিয়েছেন কোহলি।

সম্প্রতি এক সাক্ষাৎকারে কোহলি বলেছেন, 'আমার ডাকনাম বিখ্যাত করে দিয়েছে ধোনি। উইকেটের পেছন থেকে এত বার 'চিকু' বলে ডেকেছে। স্টাম্প মাইকে সব শোনা গেছে এবং মানুষের মাথার মধ্যে গেঁথে গেছে।'

এই ডাকনামের জন্য তাকে বিড়ম্বনায়ও পড়তে হয়েছে জানিয়েছেন কোহলি বলেছেন, 'সমর্থকেরা প্রায়ই রাস্তাঘাটে চিৎকার করে বলত, 'এই চিকু, আমার সঙ্গে একটা ছবি তুলবে ' আমার তখন মনে হত, একটা ভালো নামও তো আছে। ওরা কি সেটা ভুলে গেছে ওদের ওই নামে ডাকার অধিকার নেই।'

কীভাবে এই ডাকনাম পেয়েছিলেন, সেটাও জানিয়েছেন কোহলি। ভারতের সাবেক এই অধিনায়ক বলেছেন, 'রঞ্জি ট্রফিতে এক কোচ এই নাম দিয়েছিলেন। তখন আমার বড় বড় গাল ছিল। ২০০৭ সালে আমার চুল পড়ছিল খুব। তখন চুল কেটে দিই। তাতে আমার বড় গাল এবং কান আরো প্রকট হয়ে ওঠেছিল। সেখান থেকে চিকু ডাকনাম। 'চিকু দ্য র‍্যাবিট' কার্টুনের একটি চরিত্র থেকে ওই নাম দেয়া হয়েছিল বলে জানান কোহলি।

## বিজেপিতে নাম লেখালেন জাদেজা




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বউয়ের পথ ধরে বিজেপিতে যোগ দিয়েছেন ভারতীয় তারকা অলরাউন্ডার রবীন্দ্র জাদেজা। তারকা এই অলরাউন্ডারের গেরুয়া শিবিরে যোগ দেওয়ার বিষয়টি নিজের এ হ্যান্ডেলে জানিয়েছেন জাদেজার স্ত্রী ও গুজরাটের জামনগরে বিজেপি বিধায়ক রিভাবা। অন্যদিকে কংগ্রেসের রাজনীতির সঙ্গে যুক্ত জাদেজার বাবা অনিরুদ্ধ সিং এবং বোন নয়নাবা জাদেজা।

এ হ্যান্ডেলে নিজের ও স্বামী জাদেজার মেম্বারশিপ কার্ডের ছবি শেয়ার করেছেন রিভাবা। ক'দিন আগে সদস্যপদ সংগ্রহ অভিযান শুরু করেছিল বিজেপি। মিডিয়াকে রিভাবা জাদেজা জানিয়েছেন, এই সদস্যপদ অভিযান নিজের বাড়ি থেকেই শুরু করেছেন তিনি।

এর আগে, ২০১৯ সালে বিজেপিতে যোগ দিয়েছিলেন রিভাবা। এরপর ২০২২ সালে জামনগর বিধানসভা আসনে রিভাবাকে প্রার্থী করেছিল তার দল। আপ-প্রার্থী কর্শনভাই কারমুরকে হারিয়ে এই আসনে বিজয়ী হয়েছিলেন জাদেজার স্ত্রী।

এদিকে বিজেপির সদস্যপদ গ্রহণের পর থেকেই আলোচনায় রিভাবার মতো জাদেজাও কি ভোটেও দাঁড়াবেন! বর্তমানে ২২ গজ থেকে দূরে জাদেজা। দিলীপ ট্রফিতেও তাকে দেখা যাচ্ছে না। ধারণা করা হচ্ছে, বাংলাদেশের বিপক্ষে টেস্ট সিরিজ দিয়েই দল ফিরবেন তিনি।

ভারতের টি-টোয়েন্টি বিশ্বকাপজয়ী দলের সদস্য তিনি। বিশ্বকাপ জয়ের পরই আন্তর্জাতিক টি-টোয়েন্টি ক্রিকেটকে বিদায় জানিয়েছেন তারকা এই অলরাউন্ডার। তবে টেস্ট ও ওয়ানডে খেলা চালিয়ে যাবেন তিনি।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR